

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
দক্ষিণ-পূর্ব এশিয়া অনুবিভাগ
ঢাকা

নং-১৯.২২.০০১১.০০১.২৭.০০১.১৪/৩০


তাং- ১৭/০১/২০১৭

বিজ্ঞপ্তি

Asian Institute of Technology, Bangkok-এ প্রতিষ্ঠিত "বঙ্গবন্ধু চেয়ার-পি.এইচ.ডি কার্যক্রম" এ প্রার্থী মনোনয়নের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বিদ্যুৎ ও জ্বালানি সেক্টর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/কর্পোরেশন/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা অধীনস্থ প্রতিষ্ঠানে কর্মরত প্রথম শ্রেণীর কর্মকর্তাদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

- (১) গবেষণার অধিক্ষেত্রাধীন বিষয়: "Energy sector development in Bangladesh";
- (২) গবেষণা কার্যক্রমের মেয়াদ: চার বছর;
- (৩) আবেদনকারীকে বিদ্যুৎ/জ্বালানি-খনিজ সম্পদ সেক্টর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/কর্পোরেশন/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা অধীনস্থ প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর স্থায়ী কর্মকর্তা হতে হবে এবং চাকুরী স্থায়ীকরণ এর প্রমাণ আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- (৪) আবেদনকারীর বয়স সীমা অনূর্ধ্ব চল্লিশ (৪০) বছর হতে হবে।
- (৫) বাংলাদেশ সরকার অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল/ভৌত বিজ্ঞান (পদার্থ/রসায়ণ)/ ভূ-তত্ত্ব অথবা গবেষণার বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিষয়ে গ্রাজুয়েশন/মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে।
- (৬) আবেদনকারীর স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে সি.জি.পি.এ ৪ স্কেলে ন্যূনতম ২.৫ বা সম মানের স্কোর থাকতে হবে এবং আবেদনপত্রের সহিত শিক্ষাজীবনে অর্জিত মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক, স্নাতক, স্নাতকোত্তর সহ সকল পর্যায়ে অর্জিত সনদের ছায়াছবি জমা দিতে হবে।
- (৭) আবেদনের সাথে আবেদনকারীকে তাঁর জীবন-বৃত্তান্ত, তিন কপি পাশপোর্ট সাইজের ছবি এবং স্নাতক অথবা স্নাতকোত্তর পর্যায়ে গবেষণার বিষয়ের উপর সংক্ষিপ্ত প্রতিবেদন এবং প্রকাশনার তালিকা প্রদান করতে হবে।
- (৮) আবেদনকারীর সমর্থনে একজন একাডেমিক এবং পেশাগত ক্ষেত্রের একজন সুপারভাইজারের স্বাক্ষরিত সুপারিশপত্র জমা দিতে হবে।
- (৯) আবেদনকারী জ্বালানি বিষয়ে মৌলিক গবেষণা কার্য সম্পন্ন করবেন বিধায় গবেষণার অধিক্ষেত্রাধীন বিষয়ে তাঁর স্ব-নির্বাচিত বিষয়বস্তুর উপর A4 size এর এক পৃষ্ঠায় Statement of Proposal (SOP) জমা দিবেন।
- (১০) চার বছর মেয়াদী এ কোর্সে কোন কর্মকর্তা কোর্স চলাকালীন সময়ে বিবেচনাযোগ্য কারণ ব্যতীত কোর্স পরিত্যাগ করলে কিংবা কোর্স সমাপ্ত না করলে এ কোর্স বাবদ ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে প্রত্যাপন করবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- (১১) কোর্সের সফল সমাপ্তি শেষে অর্জিত জ্ঞান/দক্ষতা বাংলাদেশে সফল প্রয়োগ সুনিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্মকর্তাকে অন্তত: চার বছর তার নিয়োগকারী প্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট অধিদপ্তর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ কর্পোরেশন/ অধীনস্থ প্রতিষ্ঠানে চাকুরী/ গবেষণা করতে হবে।
- (১২) আবেদনপত্র বিবেচনার ক্ষেত্রে নির্ধারিত বাছাই কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।
- (১৩) আবেদনপত্র আগামী ১০ ফেব্রুয়ারি ২০১৭ ইং এর মধ্যে--
সহকারী সচিব (দক্ষিণ পূর্ব এশিয়া অনুবিভাগ),
পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০, বরাবর জমা দিতে হবে।
- (১৪) কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জনের পূর্ন ক্ষমতা সংরক্ষণ করেন।

যাযায কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

 ১৭.০২.১৭

দয়াময়ী চক্রবর্তী

সহকারী সচিব(দক্ষিণ-পূর্ব এশিয়া)

ফোন-৯৫৬৯৩৭৪,

বিতরণ -- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি তাঁর মন্ত্রণালয়/ অধিদপ্তর/কর্পোরেশন/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রচারের অনুরোধ সহ);

২। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি তাঁর মন্ত্রণালয়/অধিদপ্তর/কর্পোরেশন/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রচারের অনুরোধ সহ)